

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৯০/১৯৯৮-৫৫৪

তারিখঃ ২০.০৫.১৯১৯ বঙ্গাব্দ
০৪.০৯.২০১২ খ্রিষ্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মাজেদুর রহমান চৌধুরী (কোড-৩৮৬৪৮), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পোরশা, নওগাঁ (প্রাক্তন-মেডিকেল অফিসার, ধান্দা স্বাস্থ্য কমপ্লেক্স, গোমস্তাপুর, নবাবগঞ্জে কর্মরত থাকাকালীন) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনামূলিতে কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ মোঃ মাজেদুর রহমান চৌধুরী (কোড-৩৮৬৪৮)-কে ২৮.০৪.২০০৮ তারিখের শৃংখলা-১/১-৯০/১৯৯৮/৫৫০নং স্মারকমূলে সরকারী চাকুরি হতে অপসারণ করা হয় ;

যেহেতু, ডাঃ মোঃ মাজেদুর রহমান চৌধুরী (কোড-৩৮৬৪৮) উক্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, বগুড়ার আদালতে এটি-৬১/২০০৮ মামলা দায়ের করেন;


যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার বিজ্ঞ বিচারক ২৫.০৭.২০১০ তারিখের রায়ে মন্ত্রণালয়ের ২৮.০৪.২০০৮ তারিখের আদেশ বাতিল করতঃ তাকে চাকুরিতে পুনর্বহাল এবং বকেয়া বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রদানের আদেশ প্রদান করেন;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, বগুড়ার বিজ্ঞ বিচারকের ২৫.০৭.২০১০ তারিখের আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে ২৫৬/২০১১নং আপীল মামলা দায়ের করা হলে বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল গত ১৭.০৮.২০১১ তারিখে উক্ত আপীল আবেদন 'তামাদিতে ব্যক্তি মর্মে ডিসমিসড' মর্মে আদেশ দেন;

সেহেতু, এক্ষেত্রে প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ার বিজ্ঞ বিচারকের ২৫.০৭.২০১০ তারিখের রায়ের পরিপ্রেক্ষিতে ডাঃ মোঃ মাজেদুর রহমান চৌধুরী (কোড-৩৮৬৪৮), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পোরশা, নওগাঁ (প্রাক্তন-মেডিকেল অফিসার, ধান্দা স্বাস্থ্য কমপ্লেক্স, গোমস্তাপুর, নবাবগঞ্জে কর্মরত থাকাকালীন)-কে চাকুরিতে পুনর্বহাল করা হলো। তিনি বিজ্ঞ আদালতের নির্দেশ মোতাবেক বকেয়া বেতন-ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৯০/১৯৯৮-৫৫৪/১৩৩৩

তারিখঃ ২০.০৫.১৯১৯ বঙ্গাব্দ
০৪.০৯.২০১২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৪। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিনিয়র সার্জন, নওগাঁ/চাপাইনবাবগঞ্জ
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নওগাঁ/চাপাইনবাবগঞ্জ
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পোরশা, নওগাঁ
- ১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পোরশা, নওগাঁ
- ১২। ডাঃ মোঃ মাজেদুর রহমান চৌধুরী (কোড-৩৮৬৪৮), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পোরশা, নওগাঁ (বর্তমান যোগাযোগ ঠিকানাঃ- গ্রাম-বাংরা, পোঃ-রঘুনাথপুর, উপজেলা-ধামইরহাট, জেলা-নওগাঁ)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৬.২০১২-৫৫৫

তারিখঃ ০৫.০৯.২০১২ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু ডাঃ এ টি এম মিজানুর রহমান (৩৪৯২৭), সিভিল সার্জন (চঃদাঃ), বরিশাল এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৬.০৭.২০১২ খ্রিস্টাব্দ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, মাননীয় মন্ত্রীর বরিশাল জেলায় আগমন উপলক্ষে তিনি সিএসবি/প্রশা/২০১২/৫৯৮/(১৪) তারিখঃ ১৯-০২-২০১২ইং এর পত্রের মাধ্যমে জেলার সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বক্ষণিক হাসপাতালে উপস্থিত থাকার জন্য পত্র জারি করেছিলেন এবং মাননীয় মন্ত্রীর নির্দেশ মোতাবেক ২৪ ঘণ্টার মধ্যে বাকেরপঞ্জ ও বানারীপাড়া উপজেলার বেসরকারী ক্লিনিক/ডায়াগনিস্ট সেন্টারের নাম ও লাইসেন্স সংক্রান্ত তথ্য এবং এন্ডরে মেশিনের কাগজপত্রদি স্ব. স্ব উপজেলা হতে সংগ্রহ করে স্বাক্ষরক নং-সিএসবি/প্রশা/২০১২/৬৬৯ তারিখঃ-২৮-০২-২০১২ইং মোতাবেক মাননীয় মন্ত্রীর একান্ত সচিব এর বরাবরে ক্যাম্বোয়েপে ও বিশেষ বাহক মারফত প্রেরণ করেছেন যা ০১.০৩.২০১২ তারিখে মন্ত্রণালয়ে গৃহীত হয় এবং তাঁর জবাবের সমর্থনে কাগজপত্র প্রদর্শন করেন;

এখনে, যেহেতু, ডাঃ এ টি এম মিজানুর রহমান (৩৪৯২৭), সিভিল সার্জন (চঃদাঃ), বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁকে সতর্ক করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।


খোরশেদ আলম চৌধুরী
অতিরিক্ত সচিব


উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৬.২০১২-৫৫৫/১ (৬)

তারিখঃ ০৫.০৯.২০১২ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ এ টি এম মিজানুর রহমান (৩৪৯২৭), সিভিল সার্জন (চঃদাঃ), বরিশাল


মোঃ সাইদুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd